দৈনিক জনকণ্ঠ

132

তারিখ ... 25 JUL 1995 ..
পৃষ্ঠা ৭ কলাম ৫ ...

# ৩০ জুলাই এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ আগামী ৩০ জুলাই এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে। এ ব্যাপারে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। খবর বোর্ড সূত্রের।

পরীক্ষা শেষ হওয়ার ৯০ দিনের আগেই এ ফলাফল প্রকাশিত হচ্ছে। গত ২০ এপ্রিল দেশের চারটি বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হয়। মোট ৭ লাখ ৮৯ হাজার পরীক্ষার্থী এতে অংশগ্রহণ করে। নৈর্ব্যক্তিক পরীক্ষায় প্রশ্ন ব্যাংক ব্যবস্থায় এ বছরই সর্বশেষ এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আগামী বছর থেকে নৈর্ব্যক্তিক পদ্ধতি থাকলেও প্রশ্ন ব্যাংক থাকছে না।